রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৮.২৪-৮৫

তারিখঃ ৩০/০৮/১৪৩২ বঙ্গাঃ
১৫ /১২/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ **বিষয় ঃ চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু আপনি জনাব এ, কে, এম, আমানুল করিম (পরিচিতি নং-৮৪০১০১০০৮) লস্কর, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ বিগত ১/৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। যেহেতু আপনাকে ইতোমধ্যে বিভিন্ন সময়ে স্বীয় কর্তব্য কাজে উপস্থিত হওয়ার জন্য শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ কর্তৃক বারবার পত্র প্রেরণ এবং মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলে আপনার কোন জবাব পাওয়া যায় নি। তদন্ত কর্মকর্তা কর্তৃক আপনার হোয়াটসঅ্যাপ নম্বর (+১৩৪৭ ২৩৪-২৬৫১) এ যোগাযোগ করে হলে আপনি তদন্ত কর্মকর্তার সাথে সাক্ষাৎকার প্রদানের জন্য সময় প্রার্থনা করেন এবং আপনি বর্তমানে চিকিৎসার জন্য দেশের বাইরে আছেন মর্মে তদন্ত কর্মকর্তাকে অবহিত করেন। কিন্তু আপনি পরবর্তীতে তদন্ত কর্মকর্তার সাথে সাক্ষাৎ করেন নি। তদন্ত কর্মকর্তার নিকট আপনার স্ত্রী, বড় ভাই এবং ভাবী এই মর্মে লিখিত জবানবন্দি প্রদান করেন যে, আপনি চিকিৎসার জন্য আমেরিকাতে অবস্থান করছেন। কিন্তু এক্ষেত্রে আপনি বোর্ডের অনুমোদন কিংবা আপনার দপ্তরকে কোন কিছু অবহিত করেননি। অর্থাৎ আপনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং বোর্ডের অনুমোদন ব্যতিরেকে দেশের বাহিরে অবস্থান করছেন। আপনার এরূপ আচরণ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং পলায়নের সামিল এবং আপনার উপর প্রবিধান ৪৯ (১) (খ) মোতাবেক যে কোন দন্ড আরোপযোগ্য।

২। যেহেতু, উপরোক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০১৯.২৪-১১; তারিখঃ ০৬/০৩/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা রেজিস্টার ডাকযোগে আপনার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। একই সাথে আপনার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত অভিযোগনামাটি ডাক বিভাগের "প্রাপককে খুজিয়া পাই নাই" মন্তব্যসহ ফেরত আসে। অধিকন্তু অদ্যাবধি আপনার নিকট থেকে অভিযোগনামার জবাব অথবা সময় বৃদ্ধির আবেদনও পাওয়া যায়নি। সার্বিক পর্যালোচনায় কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় আপনার বিরুদ্ধে অভিযোগনামায় উল্লেখিত অভিযোগ সমূহ তদন্ত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে দেখা যায় আপনি জনাব এ,কে,এম আমানুল করিম (আইডি নং- ৮৪০১০১০০৮), লস্কর, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল এর বিরুদ্ধে গত ১/৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং বর্তমানে বোর্ডের অনুমোদন ব্যতিরেকে আমেরিকাতে অবস্থান করার অভিযোগ প্রমানিত হয়েছে। আপনার উল্লেখিত কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামীল বিধায় উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১/৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১/৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। এছাড়া বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

অঃপৃঃদ্রঃ

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

**প্রাপক**
জনাব এ, কে, এম, আমানুল করিম
লস্কর
শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ
বাপাউবো, শিমরাইল
নারায়ণগঞ্জ ।

**স্থায়ী ঠিকানা**
জনাব এ, কে, এম, আমানুল করিম
পিতাঃ মৃত এ কে এম তাজুল ইসলাম
বাসা নং-১৪, লেন-১১; আল-আমিন রোড
পাড়া ডগাইর, কোনাপাড়া, ডেমড়া, ঢাকা।

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ১৭৩৭
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী

তারিখঃ ১৫/১২/২৫

১৫/১২/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Zakir pc\Zakir, S-1\Order of 2nd showcoesh\Order of 2nd showcoesh.doc13